

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ নামায রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

প্লেনে কীভাবে নামায পড়া যাবে?

যেভাবে সম্ভব, সেভাবেই পড়ে নিতে হবে। কিবলা মুখে দাঁড়িয়ে, রুকু সিজদা যথা নিয়মে করা সম্ভব হলে, তা করতে হবে। নচেৎ বসে ইশারায় রুকু সিজদা করে নামায আদায় করতে হবে। মহান আল্লাহ বলেছেন, "আল্লাহকে যথাসাধ্য ভয় করে চল।" (তাগাবুনঃ ১৬)

তিনি ইমারান বিন হুসাইন (রঃ) কে বলেছিলেন, "তুমি দাঁড়িয়ে নামায পড়। না পারলে বসে পড়। তাও না পারলে পার্শ্বদেশে শুয়ে পড়।" ১৪৯

উত্তম হল প্রথম অক্তে নামায পড়ে নেওয়া। অবশ্য গন্তব্যস্থলে মাটিতে নেমে শেষে অক্তে নামায আদায় করার আশা থাকলে তাও করতে পারে। অনুরূপ মোটরগাড়ি, ট্রেন ও পানিজাহাজে নামাযের সময় হলে একই নিয়ম। ১৫০

ফুটনোট

১৪৯ (বুখারী, আবূ দাউদ, আহমাদ, মিশকাত ১২৪৮ নং), ১৫০ (ইবনে বায)

Source — https://www.hadithbd.com/books/link/?id=118

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন